# আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّثِّر

আয়াতঃ ৭৪ : ৪৭

## আরবি মূল আয়াত:

حَتّٰٓى اَتٰىنَا الۡيَقِيۡنُ ﴿۴۷﴾

## অনুবাদসমূহ:

'অবশেষে আমাদের কাছে মৃত্যু আগমন করে'। — আল-বায়ান

আমাদের নিকট নিশ্চিত বিশ্বাস (অর্থাৎ মৃত্যু) না আসা পর্যন্ত।' — তাইসিরুল

আমাদের নিকট মৃত্যুর আগমন পর্যন্ত। — মুজিবুর রহমান

Until there came to us the certainty." — Sahih International

৪৭. অবশেষে আমাদের কাছে মৃত্যু আগমন করে।(১)

(১) অর্থাৎ মৃত্যু পর্যন্ত আমরা এ নীতি ও কর্মপন্থা অনুসরণ করেছি। শেষ পর্যন্ত নিশ্চিত বিষয় তথা মৃত্যু আমাদের সামনে এসে হাজির হয়েছে; তখন আমাদের সব আশা-কৌশলের সমাপ্তি হয়। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৪৭) পরিশেষে আমাদের নিকট মৃত্যু আগমন করল।' [1]

[1] يَقِيْن অর্থ মৃত্যু। যেমন, দ্বিতীয় স্থানে আল্লাহ তাআলা বলেন, {وَاعْبُدْ رَبَّكَ حَتَّى يَأْتِيَكَ الْيَقِينُ} অর্থাৎ, তোমার মৃত্যু উপস্থিত হওয়া পর্যন্ত তুমি তোমার প্রতিপালকের ইবাদত কর। (সূরা হিজরঃ ৯৯)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন